



'Effective Budget and Budgetary Control' শীর্ষক ট্রেনিং অনুষ্ঠিত



২২ ফেব্রুয়ারি ২০২৩-বুধবার IQAC, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে 'Effective Budget and Budgetary Control' শীর্ষক ট্রেনিং কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। ট্রেনিং এর ট্যাকনিকাল সেশনের প্রথম অংশ পরিচালনা করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিল্প মন্ত্রণালয়ের বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্টের বাজেট অফিসার জনাব মোহাম্মদ হুমায়ন কবির এবং দ্বিতীয় অংশ পরিচালনা করেন একই প্রতিষ্ঠানের একাউন্টিং এন্ড ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্টের প্রধান জনাব এম. আমিনুর।

IQAC, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পরিচালক অধ্যাপক ড. আইন-উল হুদার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন IQAC, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মোঃ সরোয়ার আলম এবং মডারেটর হিসেবে ছিলেন অতিরিক্ত পরিচালক ড. মোঃ রফিকুল ইসলাম।

এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও দপ্তরের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।